

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩০১৩(আগরতলা-০৬।।১২)
মোহনপুর, ৬ ডিসেম্বর, ২০১৭

মোনপুরে গ্রামীণ ক্রীড়া ও যুব উৎসবের প্রস্তুতি

মোহনপুর পুর পরিষদের ওয়ার্ড ভিত্তিক গ্রামীণ ক্রীড়া প্রতিযোগিতা এবং যুব উৎসব আয়োজনের লক্ষ্যে গত ৪ ডিসেম্বর মোহনপুর পুর পরিষদের কার্যালয়ে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। মোহনপুর পুর পরিষদের ভাইস চেয়ারপার্সন ঝর্ণা মজুমদারের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় পুর পরিষদের চেয়ারপার্সন ইন কাউন্সিল মতিলাল দাস ও মানিক দাস, পুর পরিষদের সদস্যগণ, মুখ্য কার্যনির্বাহী আধিকারিক জয়ন্ত ভট্টাচার্য, যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের ইয়ুথ অর্গানাইজার রেনুকা দেববর্মা সহ সাংস্কৃতিক ব্যক্তিত্বরা উপস্থিত ছিলেন। সভায় সিদ্ধান্ত হয় আগামী ১৮ ডিসেম্বর মোহনপুর সাংস্কৃতিক ভবনে অনুষ্ঠিত হবে মোহনপুর পুর পরিষদ ভিত্তিক যুব উৎসব। উৎসবে ১৫-৩৫ বছর বয়সী যুবক-যুবতীদের মধ্যে সমবেত লোক সংগীত (বাংলা, ককবরক), সমবেত লোকনৃত্য, তবলা (শাস্ত্রীয়), হারমোনিয়াম (লঘু), তাৎক্ষণিক বক্তৃতা (হিন্দী/ইংরেজী), একাঙ্ক নাটক (বাংলা, ককবরক, হিন্দী, ইংরেজী), মনিপুরী নৃত্য (শাস্ত্রীয়), ভরত নাট্যম (শাস্ত্রীয়) ও হিন্দুস্থানী উচ্চাঙ্গ সংগীতের উপর প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। এই অনুষ্ঠানে মোহনপুর পুর পরিষদ এলাকার অংশ গ্রহণকারী ইচ্ছুক শিল্পীদের আগামী ১৪ ডিসেম্বরের মধ্যে মোহনপুর পুর পরিষদ কার্যালয়ে নাম জমা দেওয়ার জন্য অনুরোধ জানানো হয়েছে। এই অনুষ্ঠানকে সার্বিক ভাবে সফল করে তোলার লক্ষ্যে সভা থেকে ১টি কার্যকরী কমিটি সহ ৪টি উপ-কমিটি গঠন করা হয়। তাছাড়া আগামী ১৯-২৫ ডিসেম্বরের মধ্যে মোহনপুর পুর পরিষদের বিভিন্ন ওয়ার্ডে গ্রামীণ ক্রীড়া প্রতিযোগিতা সম্পন্ন করা হবে। পরবর্তীতে ২৭ ও ২৮ ডিসেম্বর মোহনপুর পুর পরিষদ ভিত্তিক গ্রামীণ ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।
